



ন্যাশনাল ইনস্টিটিউট অফ টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং এন্ড রিসার্চ (নিটার)

নয়ারহাট, সাভার, ঢাকা

স্মারক নং- নিটার/পরীক্ষা/বি.এসসি./২০২১/০১৮

তারিখঃ ১৪ জুন, ২০২১

বি.এসসি. ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং ও ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং (আইপিই) লেভেল-৪ টার্ম-২ পরীক্ষা-২০২০

এর ফর্ম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

অত্র ইনস্টিটিউটে অধ্যয়নরত বি.এসসি. ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং লেভেল-৪ টার্ম-২ ও পার্ট-৪ (রিটেক) বছরভিত্তিক এবং ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং (আইপিই) লেভেল-৪ টার্ম-২ সমাপনী পরীক্ষা ২০২০ এ অংশগ্রহণেচ্ছুক ছাত্র-ছাত্রীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নলিখিত ছক অনুযায়ী পরীক্ষার ফি জমা দিয়ে আগামী ২০ জুন, ২০২১ তারিখ হতে ০৩ জুলাই, ২০২১ তারিখ পর্যন্ত শুধুমাত্র অফিস চলাকালীন সময়ের মধ্যে এন্ট্রি ফর্ম সংগ্রহ ও জমা প্রদান করতে হবে, যা একত্রে পে-অর্ডারের মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয়ে জমা দেয়া হবে। লেভেল-৪ টার্ম-২ সমাপনী পরীক্ষা-২০২০ এর বিস্তারিত সময়সূচী শিঘ্রই প্রকাশ করা হবে।

পরীক্ষার ফি (পরীক্ষার্থী প্রতি) :

ক্রম.	ছাত্র-ছাত্রীর ধরন	মোট টাকা
ক.	নিয়মিত পরীক্ষার্থীর ফি	৪,৭৫০/-
খ.	কোন টার্ম এ অকৃতকার্য /কোন টার্ম এ কোন বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীর ফি	৫,৫০০/-
গ.	রিটেক পরীক্ষার ফি (সেমিস্টার ভিত্তিক ছাত্র-ছাত্রীদের জন্য) : ১ বিষয় অথবা ২ বিষয়	৫,৫০০/-
ঘ.	রিটেক পরীক্ষার ফি (সেমিস্টার ভিত্তিক ছাত্র-ছাত্রীদের জন্য) : ৩ বিষয় বা তদূর্ধ্ব বিষয়	৭,০০০/-

উল্লেখিত সময়ের মধ্যে ছাত্র-ছাত্রীদেরকে অবশ্যই উপরোক্ত ছক অনুযায়ী প্রযোজ্য পরীক্ষার ফি ও বকেয়া টিউশন ফি নিম্নলিখিত যেকোনো ব্যাংক হিসাবে জমা দিতে হবে।

ক্রম.	ব্যাংকের নাম	শাখার নাম	হিসাব নম্বর	হিসাবের নাম
১.	ডাচ বাংলা ব্যাংক লিঃ	সাভার পল্লী বিদ্যুৎ শাখা	২৭০১১০০০০২০৬২	ন্যাশনাল ইনস্টিটিউট অফ টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং এন্ড রিসার্চ (নিটার)
২.	এক্সিম ব্যাংক লিমিটেড	নয়ারহাট শাখা	০৮১১১১০০০৩৫০৬৯	
৩.	জনতা ব্যাংক লিমিটেড	নয়ারহাট শাখা	০১০০১০৬৪৯৬৭৯৪	


টাকা জমার মূল রশিদ নিটারের হিসাব শাখায় জমা দিয়ে এন্ট্রি ফর্ম সংগ্রহ করতঃ স্বহস্তে যথাযথভাবে পূরণ করে (সম্প্রতি তোলা ১ কপি পাসপোর্ট সাইজ ছবি নির্ধারিত স্থানে আঠা দ্বারা আটকিয়ে দিতে হবে) ও সর্বশেষ একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর ১ কপি ফটোকপি সংযুক্ত করে কোর্স কো-অর্ডিনেটর এর নিকট জমা প্রদানের নির্দেশ প্রদান করা হল।

বিঃ দ্রঃ ১. পূর্ববর্তী সকল বকেয়াসহ সংশ্লিষ্ট শিক্ষা বছরের ৪টি কিস্তির টিউশন ফি আবশ্যিকভাবে পরিশোধ করতে হবে।

২. টিউশন ফি ও পরীক্ষার ফি জমা প্রদানের ব্যাংক রশিদের মূলকপি অবশ্যই নিটারের হিসাব শাখায় জমা প্রদান করে এন্ট্রি ফর্ম সংগ্রহ করতে হবে।

৩. নির্ধারিত সময়ের মধ্যে আবশ্যিকভাবে সকল শিক্ষার্থীদের ফর্ম পূরণ করতে হবে এবং ছাত্রছাত্রীদের নাম, ক্লাস আইডি, রেজিস্ট্রেশন নম্বর, বিষয় কোড সহ বিষয়সমূহের নাম ফর্মে নির্ভুলভাবে পূরণ করতে হবে।

৪. এন্ট্রি ফর্মে কোনোভাবে ঘষামাজা, কাটাকাটি বা ফ্লুয়িড ব্যবহার করা যাবেনা।


০৪/০৬/২০২১
দেলোয়ার হোসেন
সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক
বিতরণঃ

১। কোর্স কো-অর্ডিনেটর টেক্সটাইল, আইপিই লেভেল-৪ (ছাত্র-ছাত্রীদের ই-মেইলে প্রেরণের জন্য)।

অনুলিপিঃ

- ১। এডভাইজার অফিস, নিটার।
- ২। অধ্যক্ষ অফিস, নিটার (অধ্যক্ষ মহোদয়ের অবগতির জন্য)
- ৩। হিসাব শাখা, নিটার (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
- ৪। লাইব্রেরী, নিটার।
- ৫। রেজিস্ট্রার দপ্তর, নিটার।
- ৬। ওয়েবসাইট, নিটার।